

১। মন্ত্রনালয়/বিভাগের নামঃ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়

২। দপ্তর/সংস্থা/কোম্পানির নামঃ পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ

৩। সেবা সহজিকরনের শিরোনামঃ অনলাইন ফর্মের মাধ্যমে ই-নথি ব্যবহারকারী নিবন্ধন তথ্য সংগ্রহ

৪। পটভূমিঃ রূপকল্প ২০২১ বাস্তবায়নে ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ(পিজিসিবি) লিঃ বিভিন্ন যুগোপযুগী কার্যক্রমের মাধ্যমে ডিজিটাইজেশনের দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে।

ডিজিটাইজেশন কার্যক্রমের অংশ হিসেবে ইতিমধ্যেই সকল শাখা ও দপ্তরে দাপ্তরিক কাজে ই-নথি সফটওয়্যার ব্যবহার শুরু করা হয়েছে। পিজিসিবি'তে প্রায় ২৭০০ কর্মকর্তা-কর্মচারী রয়েছে যাদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক কর্মীই বিভিন্ন দাপ্তরিক কাজে নথি সিস্টেম ব্যবহার করতে হয়। পিজিসিবির'র ডিপার্টমেন্ট ও শাখা সমূহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত এবং ই-নথি ব্যবহারকারী নিবন্ধনে অনেক ধরণের তথ্য প্রদান করতে হয়। তাই আইসিটি হতে ই-নথি ব্যবহারকারীদের নিবন্ধন করা বেশ সময় সাপেক্ষ ও ঝামেলাদায়ক হয়ে পড়ে। উপরন্তু ই-নথি সফটওয়্যার বাস্তবায়নের জন্য দ্রুত নথি ব্যবহার শুরু করা জরুরী।

৫। বিদ্যমান সমস্যা/ চ্যালেঞ্জসমূহঃ ই-নথি ব্যবহারকারী নিবন্ধনে ব্যবহারকারীর নাম, পদবি, ডিপার্টমেন্ট, মোবাইল নং, ইমেইল, জাতীয় পরিচয়পত্র নম্বর ইত্যাদি তথ্য প্রয়োজন হয় এবং কর্মী যাচাই বাছাই পূর্বক নিবন্ধন করে সংশ্লিষ্ট ব্যবহারকারীকে লগইন তথ্য অবহিত করা লাগে। তাই দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ডিপার্টমেন্ট সমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিবন্ধন করা দুঃসাধ্য হয়ে যায়। এছাড়া নিবন্ধনে টাইপিং ভুল, সংশ্লিষ্ট ব্যবহারকারীকে লগইন তথ্য অবহিত করা সহ বিভিন্ন সমস্যা দেখা দেয়।

৬। চ্যালেঞ্জ হতে উত্তরণের জন্য কি কি পদক্ষেপ গ্রহন করা হয়েছিলঃ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ডিপার্টমেন্ট সমূহের কর্মকর্তা-কর্মচারীদের সহজে ও বিনা যাতায়াতে নিবন্ধন সম্পন্ন করার লক্ষ্যে একটি অনলাইন(Google) ফরম ডিজাইন করা হয় যার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যবহারকারী প্রয়োজনীয় তথ্য প্রদান করেন। কর্মী যাচাই-বাছাই করার জন্য ডিপার্টমেন্ট প্রধানের অফিসিয়াল ই-মেইল থেকে অনুরোধ পাঠানো হলে অনলাইনে জমাকৃত তথ্য দিয়ে নিবন্ধন সম্পন্ন করা হয় এবং ডিপার্টমেন্ট প্রধানের অফিসিয়াল ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যবহারকারীকে লগইন তথ্য অবহিত করা হয়। ফলে তথ্য Copy-Paste করার কারণে টাইপিং ভুলের সম্ভাবনা কমে যায় ও authentic ভাবে ব্যবহারকারীকে লগইন তথ্য অবহিত করা সম্ভব হয়।

৭। সময়/ব্যয়/পরিদর্শন(TCV) সেবার মানে কি কি পরিবর্তন এনেছেঃ

	সময়(আনুমানিক)	খরচ(আনুমানিক)	যাতায়াত(আনুমানিক)
আইডিয়া বাস্তবায়নের পূর্বে (গড়ে প্রতি নিবন্ধনে)	০১ থেকে ০২ দিন	২,০০০ টাকা	১ বার
আইডিয়া বাস্তবায়নের পরে (গড়ে প্রতি নিবন্ধনে)	০১ ঘন্টা	০ টাকা	০ বার
মোট পার্থক্য	৪৭ ঘন্টা	২,০০০ টাকা	১ বার
অন্যান্য (TCV কমেনি, কিন্তু গুণগত মান বৃদ্ধি পেয়েছে)	ভুলের পরিমাণ কমেছে। এছাড়া নিরাপদে লগইন তথ্য ব্যবহারকারীকে অবহিত করা সম্ভব হয়েছে।		

৮। সেবা সহজিকরনের গ্রাফ/ছবিঃ



e-nothi User Registration form-PGCB

পিজিসিবি'র সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক বা তদুর্ধ্ব সকল কর্মকর্তা এবং জুনিয়র সহকারী ব্যবস্থাপক/উপ-সহকারী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তা যারা নথি/নোট লিখেন বা মতামত দেন তাদের ই-নথি আইডি'র জন্য এই ফরম পূরণ করুন

* Required

ডিপার্টমেন্ট/শাখা/প্রকল্পের নাম(বাংলায়) *

Your answer

National ID Card No *

Your answer

PGCB Employee ID(e.g. 09568) *

Your answer

Employee Name in English *

Your answer

কর্মকর্তা/কর্মচারীর নাম(বাংলায়) *

Your answer

Submit Page 1 of 1

Never submit passwords through Google Forms.

This content is neither created nor endorsed by Google. [Report Abuse](#) - [Terms of Service](#) - [Privacy Policy](#)

Google Forms

৯। উদ্ভাবকগনের পরিচিতিঃ

মোঃ আনিছুর রহমান,
উপ-বিভাগীয় প্রকৌশলী, আইসিটি,
প্রধান কার্যালয়, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ
ই-মেইলঃ anis.ict.pgcb@gmail.com
sde2.ict@pgcb.gov.bd